

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৬

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪. দিতীয় অনুচ্ছেদ - উযূর নিয়ম-কানুন

আরবী

وَعَن أَبِي أُمَامَة ذَكَرَ وُضُوءَ رَسُولِ النَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: وَكَانَ يَمْسَحُ الْمَاقَيْنِ وَقَالَ: الْأُذُنَانِ مِنَ الرَّأْسِ. رَوَاهُ ابْنُ مَاجَهُ وَأَبُو دَاؤُدَ وَالتِّرْمِذِيُّ وَذَكَرَا: قَالَ حَمَّادُ: لَا وَقَالَ: الْأُذُنَانِ مِنَ الرَّأْسِ مِنْ قَوْلِ أَبِي أُمَامَةَ أَمْ مِنْ قَوْلُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

বাংলা

8১৬-[২৬] আবৃ উমামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি একবার রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর উযূ (ওযু/ওজু/অজু)-র কথা উল্লেখ করলেন এবং বললেন, উযূর সময় তিনি (সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম) চোখের দুই কোন মললেন এবং বললেন, কান দু'টি মাথারই অংশ। (ইবনু মাজাহ, আবৃ দাউদ, তিরমিযী)[1]

আবূ দাউদ ও তিরমিয়ী এ কথাও বর্ণনা করেছেন যে, এ হাদীসের অপর রাবী হাম্মাদ (রহঃ) বলেছেন, আমি জানি না "কান দু"টি মাথারই অংশ" এ কথাটা কার, আবূ উমামার না রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর।

ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাউদ ১৩৪, তিরমিয়া ৩৭, ইবনু মাজাহ্ ৪৪৩, (য'ঈফ সুনান আবী দাউদ) ও সহীহুল জামি' ২৭৬৫। কারণ এর সানাদে সিনান ও শাহ্র নামক দু'জন দুর্বল রাবী রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন